# 2 0 1 7

## BENGALI

( Major )

Paper : 4.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'আ', 'ই', 'ও'—এর মধ্যে অর্ধ-সংবৃত স্বরধ্বনি কোনটি?

(খ) 'ক', 'শ', 'ম'—এর মধ্যে স্পৃষ্ট ব্যঞ্জনধ্বনি কোনটি?

(গ) প্রগত স্বরসঙ্গতির একটি উদাহরণ দাও।

(ঘ) ভক্তি > ভকতি—কোন্ ধরনের ধ্বনি-পরিবর্তন?

(ঙ) সমাক্ষরলোপ-এর যে কোনো একটি উদাহরণ দাও।

(চ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী 'আনন্দ' শব্দের মাত্রা কত?

(ছ) ছন্দের আলোচনায় 'লয়' কত প্রকার?

(জ) 'শ্বাসাঘাতপ্রধান ছন্দ'-এর অন্য যে কোনো একটি নাম উল্লেখ করো।

(ঝ) "সন্ধ্যামুখের সৌরভী ভাষা,
বন্ধ্যাবুকের গৌরবী আশা।"

কোন্ অলংকারের উদাহরণ?

(ঞ) "বিরতি আহারে রাঙ্গা বাস পরে যেমতি যোগিনী পারা"

এই উপমা অলংকারের তুলনাবাচক শব্দ নির্ণয় করো।

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বাংলার দুটি দ্বি-স্বরধ্বনির উদাহরণ দাও।

(খ) নিম্নলিখিত ধ্বনি-পরিবর্তনের সূত্র উল্লেখ করো :

(১) অলাবু > লাউ

(২) রাঁধ্না > রান্না

(গ) অর্থসহ বাংলায় ব্যবহৃত যে কোনো দুটি সমরূপ শব্দের উদাহরণ দাও।

(ঘ) "শব্দালংকার এবং অর্থালংকারের পার্থক্য নির্ণীত হয় একটি মাত্র আদর্শে।" এই আদর্শটি কী?

(ঙ) উদাহরণসহ 'উপমান' কাকে বলা হয়, লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে মূর্ধন্যীভবন ও স্বতো-মূর্ধন্যীভবনের পার্থক্য আলোচনা করো।





(খ) টীকা লেখো (যে কোনো দুটি) :

প্রগত সমীভবন; নাসিক্যীভবন; অঘোষীভবন; উষ্মীভবন।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

এমন মানব-জমিন রইল পতিত
আবাদ করলে ফলতো সোনা।

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো :

"ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা
জীবনের জয়গান।"

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

কবিতা, তোমাকে দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়;
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

ভাঙছো প্রদেশ ভাঙছো জেলা জমিজমা ঘরবাড়ি
পাটের আড়ৎ ধানের গোলা কারখানা আর রেলগাড়ি।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে কীভাবে পর্যায়ক্রমে বাংলা ভাষার উদ্ভব হয়েছিল, সে সম্পর্কে যুক্তিসহ আলোচনা করো।

(খ) কাল নির্দেশ করে নব্য-বাংলার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(গ) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের ত্রিধারার অন্তর্গত যে কোনো দুটি ধারার পরিচয় দাও।

(ঘ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত বিদেশী শব্দ সম্বন্ধে একটি আলোচনা প্রস্তুত করো।

৫। (ক) বাংলা অলংকারের আলোচনায় শব্দালংকার কত প্রকার ও কী কী? তোমার পঠিত যে কোনো দুটি শব্দালংকারের পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য দেখাও : ১০

(১) শ্লেষ ও যমক

(২) উপমা ও রূপক

(৩) সমাসোক্তি ও অতিশয়োক্তি

৬। (ক) তানপ্রধান ছন্দে অক্ষরের শোষণশক্তি বলতে কী বোঝায়? উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ধ্বনিপ্রধান ছন্দ বলতে কী বোঝায়? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

★ ★ ★